



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

Ambassador




১০ আষাঢ় ১৪২৪
২৪ জুন ২০১৭

পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে মান্যবর রাষ্ট্রদূতের শুভেচ্ছা বাণী

আনন্দের শুভবার্তা নিয়ে আবারও আমাদের মাঝে এসেছে পবিত্র ঈদ-উল-ফিতর। অনাবিল আনন্দের এই পবিত্র ঈদ বন্ধুরাষ্ট্র গ্রীস, মাল্টা ও আর্মেনিয়ার নাগরিকগণ এবং প্রবাসী বাংলাদেশিসহ সবার জীবনে বয়ে আনুক কল্যাণ ও প্রশান্তি। পবিত্র ঈদ-উল-ফিতর এর মহিমায় উদ্ভাসিত হয়ে উঠুক প্রবাসী বাংলাদেশীদের জীবন। মানুষে মানুষে প্রীতির বন্ধনে গড়ে উঠুক ঐক্য। আমাদের সম্মিলিত প্রয়াসে গ্রীস, মাল্টা ও আর্মেনিয়ার সাথে বাংলাদেশের সম্পর্ক দৃঢ় থেকে দৃঢ়তর হয়ে উঠুক। আসুন, এই আনন্দের দিনে আমরা সকলে বিশ্বের বুকে বাংলাদেশকে একটি সমৃদ্ধ, সমুল্লত এবং মর্যাদাপূর্ণ রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে শপথ গ্রহণ করি এবং মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প-২০২১ এবং রূপকল্প-২০৪১ এর মাধ্যমে বাংলাদেশের উন্নয়নে সক্রিয়ভাবে সম্পৃক্ত হই।

উৎসাহ, উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে ঈদ উদ্‌যাপনের প্রত্যাশায় বাংলাদেশ দূতাবাস এখেন্সের পক্ষ থেকে আমি শুভানুধ্যায়ী গ্রীস, মাল্টা ও আর্মেনিয়ার নাগরিকবৃন্দ এবং এসব দেশে বসবাসকারী প্রবাসী বাংলাদেশি ভাই-বোনদের জানাই ঈদের আন্তরিক ও প্রাণঢালা শুভেচ্ছা।

ঈদ মোবারক


মোঃ জসীম উদ্দিন
রাষ্ট্রদূত

বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীস
(রিপাবলিক অব মাল্টা এবং রিপাবলিক অব
আর্মেনিয়ায় সমবর্তী দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রদূত)

Marathonodromon Street 119, Palaio Psychiko, Athens 15 452, Greece

Tel: +30 210 6720 250 - 7 (P.A.B.X) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd